

AKASHVANI KOLKATA**RNU: KOLKATA****Bengali Text Bulletin****Date 26-10-2026****Time: 7.35 AM****বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) স্কুলে মোবাইলফোন নিষিদ্ধ করা, পাস-ফেল প্রথা ফিরিয়ে আনা এবং দেশের ইতিহাস সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করা প্রয়োজন বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মত প্রকাশ করেছেন।
- ২) কলকাতার চোরবাগানে দুর্ঘটনার তদন্তে লালবাজারে বিশেষ তদন্তকারী দল এস আই টি, ওই দিন ঘটনাস্থলে উপস্থিত সব পুলিশ আধিকারিক ও কর্মীদের জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে।
- ৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে অঙ্গদানের প্রয়োজনীয়তা এবং এসংক্রান্ত গবেষণার ওপর জোর দিয়েছেন।
- ৪) বঙ্গোপসাগরে সৃষ্ট অতি গভীর নিম্নচাপটি আগামীকাল অতিপ্রবল ঘূর্ণিঝড় হিসেবে স্থলভাগে প্রবেশের সম্ভাবনা। এর প্রভাবে রাজ্যের উপকূলবর্তী জেলাগুলিতে বাড়বে বৃষ্টির পরিমাণ।
- ৫) আই এস এল ফুটবলে আজ যুব ভারতীতে মোহনবাগান সুপার জায়েন্ট- চেন্নাইন এফ সি-র মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooooo

স্কুলে মোবাইল ফোন নিষিদ্ধ করা, পাশ ফেল প্রথা ফিরিয়ে আনা এবং দেশের ইতিহাস সম্পর্কে ছাত্রছাত্রীদের সঠিকভাবে অবহিত করার ওপর জোর দিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পূর্ব মেদিনীপুর জেলার রামনগরে গতকাল সাংবাদিকদের তিনি বলেন, এব্যাপারে রাজ্য সরকারের সিলেবাস কমিটি কাজ করছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

oooooooooooooooooooooooooooo

পরিবর্তনের পরে নতুন রাজ্য সরকার এই প্রথম বিজয়া সন্মিলনী অনুষ্ঠানে মিলিত হতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে আজ বিকালে পূর্ব কলকাতার মিলন মেলায় প্রস্তাবিত এই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য রাজ্যের বিভিন্ন জেলার পুজো কমিটিকে আমন্ত্রণ জানানো হয়েছে। তবে সপ্তমীর সন্ধ্যায় উত্তর কলকাতার চোরবাগান পুজো মন্ডপে প্রানহানীর প্রেক্ষিতে এই অনুষ্ঠান সম্পূর্ণ অনাড়ম্বর ভাবে পালন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। পূর্ব নির্ধারিত সাংস্কৃতিক অনুষ্ঠানও বাতিল করা হয়েছে। পরিবর্তে দুর্ঘটনায় মৃতদের প্রতি শ্রদ্ধা জানানোর পাশাপাশি আহতদের পরিবারের সঙ্গে কথা বলবেন মুখ্যমন্ত্রী। সেখানে তাদের হাতে সহায়তা তুলে দেওয়ার কর্মসূচি রয়েছে তার।

oooooooooooooooooooooooooooo

কলকাতার চোরবাগানে মর্মান্তিক দুর্ঘটনার তদন্তে লালবাজারের বিশেষ তদন্তকারী দল বা 'সিট' দুর্ঘটনার দিন ঘটনাস্থলে উপস্থিত সমস্ত পুলিশ আধিকারিক ও কর্মীদের জিজ্ঞাসাবাদের জন্য তলব করছে।

ইতোমধ্যেই গত ১৭ই অক্টোবর, সপ্তমীর দিন চোরবাগান মণ্ডপের বাইরে আইনশৃঙ্খলা রক্ষা ও ভিড় সামলানোর দায়িত্বে থাকা পুলিশ কর্মীদের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করা হয়েছে।

উল্লেখ্য, গিরিশ পার্ক থানা, ঐ পুজো কমিটির সাতজন সদস্য এবং দুজন ঘোষককে গ্রেপ্তার করেছে। তদন্তকারীদের সূত্রে জানা গেছে, ধৃত দ্বিতীয় ঘোষক কুশল মজুমদার ওরফে কালিয়া জিজ্ঞাসাবাদের সময় বলেছেন, ঘটনার দিন মণ্ডপের দায়িত্বে থাকা পুলিশ আধিকারিকদের নির্দেশেই মাইকে মণ্ডপ ভেঙে পড়ার ঘোষণা করেছিলেন তিনি।

কোন পুলিশ আধিকারিকদের নির্দেশে ওই ঘোষণা হয়েছিল, তা জানতেই এবার কর্তব্যরত পুলিশ কর্মীদের তালিকা ধরে লালবাজারে ডেকে পাঠাচ্ছেন তদন্তকারীরা।

oooooooooooooooooooooooooooooooo

চোরবাগান কাণ্ডে ধৃত ঘোষক সেন্টু ওরফে সন্দীপ রাহাকে নিয়ে গতকাল ওই দিনের ঘটনার পুনর্নির্মাণ করেন পুলিশ আধিকারিকরা। দফায় দফায় তাকে জেরাও করা হচ্ছে।

উল্লেখ্য, চোরবাগানের দুর্গা প্রতিমা নিরঞ্জন হলেও মূল মণ্ডপ খোলার অনুমতি মেলেনি। ওই দিন সন্ধ্যায় দায়িত্বে থাকা নিরাপত্তা কর্মীদের ভূমিকা কি ছিল, তাও খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

oooooooooooooooooooooooooooooooo

চোরবাগানের দুর্ঘটনা নিয়ে সোশ্যাল মিডিয়ায় ভুয়ো তথ্য ছড়ানোর অভিযোগে, পুলিশ পশ্চিম মেদিনীপুরের দাঁতন থেকে এক কনটেন্ট ক্রিয়েটরকে গ্রেফতার করেছে। সুরজিত শি নামে ঐ ব্যক্তি তালদা গ্রাম এর বাসিন্দা। ওই সোশ্যাল মিডিয়া পেজটিও বন্ধ করে দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooooooooooo

চোরবাগান কাণ্ডের পর, কালিপুজোতেও অতিরিক্ত সতর্কতা নিচ্ছে পুলিশ। উত্তর ২৪ পরগণার নৈহাটির বড় মা মন্দিরে পুজো দিতে অতিরিক্ত ভিড় সামাল দিতে এবার বেশ কিছু পদক্ষেপ নিচ্ছে প্রশাসন। বড় মায়ের পুজোয় থাকছে না কোনও VIP গেট। গতকাল মন্দির ও বিসর্জনের

ঘাট ঘুরে দেখেন পরিবহণ মন্ত্রী অর্জুন সিং। তাঁর সঙ্গে ছিলেন জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকরা। পাশপাশি খুঁটি পুজোতেও যোগ দেন তিনি।

oooooooooooooooooooooooooooooooo

চিকিৎসার গাফিলতিতে কলকাতা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে এক নাবালকের মৃত্যুর অভিযোগকে কেন্দ্র করে গতকাল পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশের সঙ্গে রোগীর পরিবারের সদস্যদের ব্যাপক সংঘর্ষ হয়।

অন্যদিকে পুলিশ লার্গিচার্জ করেছে বলে অভিযোগ। ঘটনায় কয়েকজনকে আটক করা হয়েছে। পরিবারের সদস্যদের বক্তব্য ভুল ইঞ্জেকশন দেওয়াতেই ঐ নাবালকের মৃত্যু হয়েছে। তারা স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়ের সঙ্গেও সাক্ষাৎ করেন। ঘটনায় কেউ দোষী প্রমাণিত হলে কড়া শাস্তি দেওয়া হবে বলে স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছেন।

(বাইট – শারদ্বত)

oooooooooooooooooooooooooooooooo

রাজ্যে ডেঙ্গু নিয়ন্ত্রণে অবিলম্বে যাবতীয় ব্যবস্থা গ্রহণের আর্জি জানিয়ে কংগ্রেস মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছে। এতে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বেড়েছে বলে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। মুর্শিদাবাদ , হাওড়া , কলকাতা ও উত্তর ২৪ পরগনা এই চার জেলাতে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা সবচেয়ে বেশি বলে এক রিপোর্টেরও উল্লেখ করেছে কংগ্রেস।

উল্লেখ্য গতকালই রাজ্যে ডেঙ্গু পরিস্থিতি উদ্বেগ জনক নয় বলে আশ্বস্ত করেছেন স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়। গত বছরের এই সময়ের তুলনায় বর্তমান সময় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা কম বলেও উল্লেখ করেন তিনি।

oooooooooooooooooooooooooooo

প্রতিবারের মতো এবারও ‘মন-কি-বাতে’ বিভিন্ন বিষয়ে সাধারণ মানুষের সঙ্গে নিজের চিন্তাভাবনা ভাগ করে নিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । অনুষ্ঠানটির ১৩৯-তম পর্বে তাঁর বক্তব্যে অনেকটাই জুড়ে ছিল অঙ্গদানের প্রাসঙ্গিকতা এবং এসংক্রান্ত গবেষণার প্রয়োজনীয়তার কথা ।

বাইট – অঙ্গদান

প্রধানমন্ত্রী, মানুষের দৈনন্দিন জীবন-যাপনকে সহজ করে তোলার লক্ষে প্রযুক্তির ব্যবহারের ওপর আবারও জোর দিয়েছেন। এছাড়াও নদী পুনরুজ্জীবন, ভোকাল ফর লোকাল, স্টার্টআপ পরিমণ্ডলের মত বিষয়েও তিনি নিজের বক্তব্য তুলে ধরেন ।

oooooooooooooooooooooooooooo

বঙ্গোপসাগরের উপর তৈরি অতি গভীর নিম্নচাপ আজকের মধ্যেই ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সম্ভাবনা। সেটি অতি প্রবল ঘূর্ণিঝড় হিসেবে আগামীকাল অন্ধ্রপ্রদেশ এবং ইয়ানাং উপকূলের মধ্য দিয়ে স্থলভাগে প্রবেশ করতে পারে। এর প্রভাবে রাজ্যের উপকূলীয় জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন। মৎস্যজীবীদের আগামীকাল থেকে পশ্চিমবঙ্গ উপকূল বরাবর যেতে নিষেধ করা হয়েছে।

(বাইট – সৌরিশ)

oooooooooooooooooooooooooooo

মালদায় খুব শীঘ্রই নদী ভাঙ্গন রোধের কাজ শুরু হয়ে যাবে বলে রাজ্যের মুখ্য সচিব মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। গতকাল মালদা প্রশাসনিক ভবনে ভাঙ্গন নিয়ে এক উচ্চ পর্যায়ের

বৈঠক করেন তিনি। শ্রী আগরওয়ালা আরও বলেন, মালদায় ভাঙ্গন পরিস্থিতি পরিদর্শনের মুখ্যমন্ত্রী স্থায়ী সমাধানের নির্দেশ দিয়েছেন। সেচ দপ্তর আই আই টি-গুলির সঙ্গে যোগাযোগ রাখছে বলেও জানান তিনি।

oooooooooooooooooooooooooooooooo

উত্তর চব্বিশ পরগণার গাইঘাটা থানার রামচন্দ্রপুরে গতকাল একাদশ শ্রেণির এক ছাত্রীর ক্ষতবিক্ষত মৃতদেহ উদ্ধারে এলাকায় তীব্র উত্তেজনা ছড়িয়ে পরে। জানা গেছে রাতে বাড়ির পাশে অনুষ্ঠান দেখতে গিয়েছিল ওই ছাত্রী।

পরিবারের অভিযোগ রাত সাড়ে এগারোটা নাগাদ একটি ফোন এলে সে অনুষ্ঠান ছেড়ে চলে যায়। এরপর সারারাত খোঁজাখুঁজি করে তার সন্ধান পাওয়া যায়নি। সকালে এক প্রতিবেশীর ঘরের সামনে তার দেহ উদ্ধার হয়। স্ফোভে ফেটে পড়েন স্থানীয় মানুষজন। পুলিশ ইতিমধ্যেই ওই যুবতীর এক আত্মীয়কে গ্রেপ্তার করেছে। তদন্তের প্রয়োজনে সিট গঠন করা হবে বলে জানিয়েছেন বনগাঁ –র পুলিশ সুপার বিদিশা কলিতা দাশগুপ্ত।

oooooooooooooooooooooooooooooooo

আই এস এল ফুটবলে আজ যুব ভারতীতে মোহনবাগান সুপার জায়েন্ট- চেন্নাইন এফ সি-র মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। এবারের মুরশুমি ঘরের মাঠে এটি মোহনবাগানের প্রথম আই এস এল ম্যাচ।

oooooooooooooooooooooooooooooooo

কলকাতা – দুবাই রুটে সাপ্তাহিক উড়ানের সংখ্যা বৃদ্ধি করেছে বেসরকারী বিমান সংস্থা এমিরেটস্। গতকাল কলকাতা বিমান বন্দরে এই সংস্থা এয়ারবাস A-350

বিমানকে জল কামানের মাধ্যমে অভ্যর্থনা জানানো হয়। নতুন এই বিমান পরিষেবা ও উড়ানের সংখ্যা বৃদ্ধির ফলে পূর্ব ভারত থেকে আন্তর্জাতিক বিমান যোগাযোগ আরও বাড়বে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo